রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, নভেম্বর ৮, ২০২৩**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা**
**চট্টগ্রাম বিভাগ, বাংলাদেশ।**

**'বিজ্ঞপ্তি'**

**স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ**

তারিখ: ১০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নং: ওয়েলফেয়ার টিএসএল/প্রশা:/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩.০০.০৫-১৫৯——সকলের অবগতি ও কার্যার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ এবং এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business অনুসারে) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সহযোগিতা প্রদানকারী শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধানে কার্যক্রম পরিচালনা করার জন্য গত ০২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ প্রকাশ করা হয়েছে। এ ধারাবাহিকতায় ছাত্র বা ছাত্রী ও অভিভাবক এবং অসচ্ছল শিক্ষক My Welfare App অথবা www.welfarebd.org ব্যবহার করে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি প্রদান করে অংশগ্রহণ করলে দেশ ও বিদেশের সরকারি ও বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী সেবা ও পরিষেবাসমূহের আওতাভুক্ত হতে পারবে। স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ প্রদানের মেয়াদকাল ২০২৩ হতে ২০৩৮ পর্যন্ত। উক্ত বিষয়ে বোর্ড অব ডাইরেক্টরস সভায় অনুমোদন করেছে। প্রতিষ্ঠানের সেবা ও পরিষেবাসমূহ নিম্নরূপ:


**মূল্য ঃ** টাকা ৮·০০

**১। শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট এডুকেশন বাস্তবায়নে করণীয়**

(১) শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির ব্যবহার সম্পর্কিত কর্মশালার আয়োজন করা;

(২) শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ডিভাইস, মাল্টিমিডিয়া কনটেন্ট, ইন্টারেক্টিভ এনিমেশন এবং অডিও-ভিডিও দিয়ে পাঠদানের ব্যবস্থা করা;

(৩) শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবন কর্মশালার আয়োজন করা;

(৪) শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সকল স্তরে জেন্ডার বৈষম্য দূর করা এবং শিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করতে কর্মশালার আয়োজন করা;

(৫) স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণে স্মার্ট এডুকেশন ফেস্টিভ্যাল প্রোগ্রাম আয়োজন করা;

(৬) শিক্ষা প্রতিষ্ঠানে আদর্শ অভিভাবক সভা আয়োজন করা;

(৭) শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবকদের জন্য যাত্রী ছাউনি স্থাপন করা;

(৮) শিক্ষা প্রতিষ্ঠানে মেধা বিকাশ ও প্যারেন্টিং কর্মশালার আয়োজন করা;

(৯) শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধিদের শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন করতে সহায়তা করা;

(১০) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বা ছাত্রীদের জন্য আধুনিক জিমনেসিয়াম, সুসজ্জিত ব্যায়ামাগার, ডে কেয়ার ইত্যাদি স্থাপন করা;

(১১) শিক্ষা প্রতিষ্ঠানে জব অ্যান্ড ক্যারিয়ার ফেয়ার আয়োজন করা;

(১২) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ করা;

(১৩) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে জাতীয় বা আন্তর্জাতিক স্কলারশিপ প্রদান করা।

**২। ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য স্মার্ট এডুকেশন রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ**

ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য স্মার্ট এডুকেশন রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন আওতাভুক্ত প্রোডাক্ট বা পরিষেবাসমূহ। যথা:

(১) My Welfare App অথবা www.welfarebd.org অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য ওয়েবসাইটের মাধ্যমে ১৫ বছরের জন্য একবার এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে বিনামূল্যে প্রোডাক্ট বা পরিষেবা প্রদান করা হবে। যেমন- ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) খুদে বাচ্চাদের ডায়াপার, ১২) শুকনো খাবার ও ১৩) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ।

**(২) স্মার্ট প্রাইমারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট প্রাইমারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবক একবার এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ২,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ করা হবে। যেমন: ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) খুদে বাচ্চাদের ডায়াপার, ১২) শুকনো খাবার, ১৩) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ, ১৪) ২৫০ টাকা হারে শিক্ষাবৃত্তি, ১৫) ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করার সুযোগ ও ১৬) শিশুর মেধা বিকাশে খেলতে খেলতে শিখবো প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ।

**(৩) স্মার্ট সেকেন্ডারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট সেকেন্ডারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবক একবার এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ করা হবে। যেমন: ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) ক্যালকুলেটর, ১২) শুকনো খাবার, ১৩) কিশোরীদের স্যানিটারি ন্যাপকিন, ১৪) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ, ১৫) ৫৫০ টাকা হারে শিক্ষাবৃত্তি, ১৬) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ, ১৭) ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করে আয় করার সুযোগ ও ১৮) বাছাইকৃত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন করানো।

**(৪) স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে একাদশ শ্রেণী থেকে স্নাতকোত্তর পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবক একবার এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ করা হবে। যেমন: ১) ইউনিফর্ম, ২) ব্যাগ, ৩) জুতা, ৪) স্যানিটারি ন্যাপকিন, ৫) ৭৫০/১,০০০/১,২৫০ টাকা পর্যন্ত শিক্ষাবৃত্তি, ৬) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ, ৭) শিক্ষার মান উন্নয়নে দেশ ও বিদেশে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের সুযোগ ও সনদপত্র প্রদান ও ৮) ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করে আয় করার সুযোগ।

**৩। ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য মূলধন প্রোগ্রামের আওতাভুক্ত কার্যক্রম**

ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য মূলধন প্রোগ্রামের আওতাভুক্ত স্মার্ট এডুকেশন স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম ও কুইজ সার্ভিসেস এ অংশগ্রহণকারীদের জন্য নগদ অর্থ, প্রোডাক্ট বা পরিষেবাসমূহ। যথা:

**(১) স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১৫০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলি বা ধরণ অনুযায়ী অংশগ্রহণকারীদের মধ্য থেকে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত বা যাচাইকৃত সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) সর্বোচ্চ ৬,০০০ টাকা পর্যন্ত এককালীন নগদ অর্থ সহায়তা অথবা ২) ১২ মাস পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে বেতন পরিশোধের সহায়তা অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**(২) স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ২৫০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলি বা ধরণ অনুযায়ী অংশগ্রহণকারীদের মধ্য থেকে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত বা যাচাইকৃত সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) সর্বোচ্চ ১২,০০০ টাকা পর্যন্ত এককালীন শিক্ষা বৃত্তি সহায়তা অথবা ২) ২৪ মাস পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে বেতন পরিশোধের সহায়তা অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**(৩) স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫০০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলি বা ধরণ অনুযায়ী অংশগ্রহণকারীদের মধ্য থেকে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত বা যাচাইকৃত সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) সর্বোচ্চ ১৮,০০০ টাকা পর্যন্ত এককালীন শিক্ষা বৃত্তি সহায়তা অথবা ২) ৩৬ মাস পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে বেতন পরিশোধের সহায়তা অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**(৪) স্মার্ট প্রাইমারি কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট প্রাইমারি কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ২৫ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস গাইডলাইন অথবা শর্তাবলি বা ধরণ অনুযায়ী প্রতিবার অংশগ্রহণকারী বিজয়ী সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) সর্বোচ্চ ২,৫০০ টাকা পর্যন্ত এককালীন শিক্ষা বৃত্তি সহায়তা অথবা ২) ল্যাপটপ বিতরণ অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**(৫) স্মার্ট সেকেন্ডারি কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট সেকেন্ডারি কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস গাইডলাইন অথবা শর্তাবলি বা ধরণ অনুযায়ী প্রতিবার অংশগ্রহণকারী বিজয়ী সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন- ১) সর্বোচ্চ ৫,০০০ টাকা পর্যন্ত এককালীন শিক্ষা বৃত্তি সহায়তা অথবা ২) ল্যাপটপ বিতরণ অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**(৬) স্মার্ট হায়ার কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট হায়ার কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে একাদশ শ্রেণী থেকে স্নাতকোত্তর পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস গাইডলাইন অথবা শর্তাবলি বা ধরণ অনুযায়ী প্রতিবার অংশগ্রহণকারী বিজয়ী সদস্যদের মাঝে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) সর্বোচ্চ ১০,০০০ টাকা পর্যন্ত এককালীন শিক্ষা বৃত্তি সহায়তা অথবা ২) ল্যাপটপ বিতরণ অথবা ৩) শিক্ষা উপকরণ সহায়তা।

**৪। শিক্ষক সহায়তা তহবিল**

প্রতিষ্ঠান কর্তৃক যেকোনো উপায় বা পদ্ধতিতে পরিচালিত স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় দরিদ্র শিক্ষকদের My Welfare App অথবা www.welfarebd.org অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য ওয়েবসাইটের মাধ্যমে ১৫ বছরের জন্য একবার এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এককালীন নগদ অর্থ সহায়তা বিতরণ করা হবে। যেমন:

(১) **প্রাইমারি স্কুল শিক্ষক সহায়তা তহবিল:** অংশগ্রহণকারী দরিদ্র শিক্ষকদের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত করে বা যাচাইকৃতদের বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে ৫,০০০ টাকা থেকে ২৫,০০০ টাকা পর্যন্ত এককালীন নগদ অর্থ সহায়তা প্রদান করা হবে।

(২) **সেকেন্ডারি স্কুল শিক্ষক সহায়তা তহবিল:** অংশগ্রহণকারী দরিদ্র শিক্ষকদের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত করে বা যাচাইকৃতদের বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে ১০,০০০ টাকা থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত এককালীন নগদ অর্থ সহায়তা প্রদান করা হবে।

(৩) **কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সহায়তা তহবিল:** অংশগ্রহণকারী দরিদ্র শিক্ষকদের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত করে বা যাচাইকৃতদের বিভিন্ন দাতাগোষ্ঠী, ব্যক্তি, প্রতিষ্ঠানের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে ১৫,০০০ টাকা থেকে ৭৫,০০০ টাকা পর্যন্ত এককালীন নগদ অর্থ সহায়তা প্রদান করা হবে।

**5। আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধন**

স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিতরণ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড, বাংলাদেশে অবস্থানরত বিদেশি দূতাবাস ও হাইকমিশনসমূহ, দেশি, বিদেশি ব্যাংকসমূহ, দেশি, বিদেশি কোম্পানিসমূহ দেশি, বিদেশি রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সদস্যগণ, দেশি, বিদেশি জনহিতৈষী ব্যক্তি এবং বৈদেশিক সাহায্যপুষ্ট দাতাগোষ্ঠী সমূহ আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধান করবে।

**৬। স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিসেবাসমূহ বিতরণ কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ**

প্রতিষ্ঠান ও জনস্বার্থে স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিতরণ কার্যক্রম এলাকা ও পরিধি হবে বাংলাদেশের সকল বিভাগ, সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভা এলাকা। তবে ভবিষ্যতে প্রতিষ্ঠানের প্রয়োজনবোধে বিশ্বের সকল দেশে কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করবে।

**৭। স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিজ্ঞপ্তি সংশোধন পদ্ধতি**

স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের বিজ্ঞপ্তি যুগোপযোগী অথবা নতুন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ, বাস্তবায়ন ও সম্প্রসারণ এবং অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে যেকোনো ধারা, উপধারা প্রণয়ন, উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন, নাম পরিবর্তন বা সংশোধন অথবা একীভূতকরণ এর প্রয়োজনীয়তা দেখা দিলে কর্তৃপক্ষ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের বিজ্ঞপ্তিটি যেকোনো সময় সংশোধন করতে পারবে।

**৮। স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিজ্ঞপ্তির অস্পষ্টতা দূরীকরণ**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিজ্ঞপ্তির যেকোনো ধারা, উপধারা কার্যকর করার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা দেখা দিলে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির সাথে সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করতে পারবে।

**৯। স্মার্ট এডুকেশন প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনুবাদ প্রকাশ**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করতে পারবে, তবে বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

এই বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান ও জনস্বার্থে প্রকাশ করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd